

২০৬১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।

২০১৬/২৫৪
২০১৬/২৫৪
২০১৬/২৫৪
২০১৬/২৫৪

নং-৫২.০১.০০০০.৬০১.৩০.০০২.১২- ৩১০৬

তারিখ: ২৪ অগ্রহায়ন, ১৪২৩ বঙ্গাব্দ
২৬ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

পুনঃ প্রকাশ্যে নিলাম বিজ্ঞপ্তি


বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এবং ILO এর যৌথ উদ্যোগে পরিচালিত LF-CLS ২০১৩ এর রিপোর্ট প্রকাশিত হয়। উক্ত রিপোর্টের আলোকে রিপোর্ট তৈরীর কাজে ব্যবহৃত প্রশ্নপত্র নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রকৃত ঠিকাদার/ক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে শর্ত সাপেক্ষে নিলামে অংশগ্রহণের জন্য আহবান জানানো হচ্ছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	মালামালের পরিমাণ
১	LF-CLS ২০১৩এর প্রকাশিত রিপোর্টের সিডিউল	৬০০ কেজি কম/বেশী

০২। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠান/ব্যবাসায়ীদের আগামী ০৪/১২/২০১৬ তারিখ সকাল ১১ ঘটিকায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরস্থ ৫ম তলার ৫২০ নং কক্ষে উপস্থিত হয়ে নিলামে অংশগ্রহণের জন্য আহবান করা হলো।

০৩। শর্তাবলীঃ

- ক) ০৪/১২/২০১৬ তারিখ সকাল ১১ ঘটিকার পূর্বে উপস্থিত হয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে। সকাল ১১ ঘটিকার পরে উপস্থিত হওয়া কোন ঠিকাদারের নিকট হতে দরপত্র গ্রহণ করা হবে না।
- খ) উক্ত মালামাল কেজি হিসেবে দর নির্ধারণ পূর্বক নিলাম ডাক দিতে হবে।
- গ) প্রচলিত নিয়মে মোট বিক্রয়মূল্যের ৪.৫% হারে (কোড-১-১১৩৩-০০১০-০৩১১) ভ্যাট ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানপূর্বক মালামালসমূহ উক্ত বিক্রয় কমিটির নিকট হতে বুঝে নিতে হবে।
- ঘ) প্রতিযোগিতার মাধ্যমে প্রাপ্ত সর্বোচ্চ দরদাতা ঠিকাদার/ক্রয়কারী প্রতিষ্ঠান উক্ত সিডিউল পাওয়ার যোগ্য হবে এবং বিক্রিত মালামালের টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে (কোড-১-১৬৩১-০০০০-২৩৭১) জমা দিয়ে চালানোর কপি নিলাম কমিটির আহবায়ক বরাবর দাখিল করবেন।
- ঙ) সর্বোচ্চ দরদাতা ঠিকাদার/ক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক উক্ত মালামালসমূহ তিন কার্যদিবসের মধ্যে ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর ৫ম তলা, ব্লক-২, পরিসংখ্যান ভবন, বিবিএস হতে ডেলিভারী নিতে হবে। এ সংক্রান্ত কোন খরচ অফিস বহন করবে না।


(মোঃ হেফজুর রহমান)
উপ-পরিচালক
ও
আহবায়ক
টেন্ডার কমিটি
ফোনঃ ৮১৮১২৬৭

বিতরণ:

- ১। পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস, ঢাকা।
২। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৩। স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।